

**রাণীনগর উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে মহল্লাদারদের শূন্যপদে গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত
বাছাই ও পদোন্নতি কমিটির সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব শাহাদাত হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার, রাণীনগর, নওগাঁ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
সভার তারিখ : ২৮/০৩/২০২৩ খ্রি:
সময় : বেলা ১২:০০ টায়।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট-'ক'

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। অতঃপর সভাপতি অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে পরিষদে মহল্লাদারের শূন্যপদে গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্ত বাছাই ও পদোন্নতি কমিটির সভা পরিচালনার জন্য কমিটির সদস্য-সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রাণীনগর, নওগাঁকে অনুরোধ জানান। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার আলোচ্য সূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী-০১ : মহল্লাদারের শূন্য পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আলোচনা:

সভায় সভাপতি জানান যে, ০১ নং খট্টেশ্বর রাণীনগর ইউনিয়নে-০১(এক) জন, ০২ নং কাশিমপুর ইউনিয়নে-০২(দুই) জন, ০৩ নং গোনা ইউনিয়নে ০২(দুই) জন, ০৪ নং পারইল ইউনিয়নে-০১(এক) জন, ০৬ নং কালিগ্রাম ইউনিয়নে ০৪ (চার) টি, ০৭ নং একডালা ইউনিয়নে ০২(দুই) জন এবং মিরাত ইউনিয়নে ০৩(তিন) জন সর্বমোট ১৫ (পনের) জন মহল্লাদারের শূন্য পদে জনবল নিয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ১০/০১/২০২২ খ্রি: তারিখের ৩৫ নং স্মারকে আবেদন আহবান করা হলে ৪৬ জন আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদনসমূহ ২৭/০১/২০২২ খ্রি: তারিখের যাচাই-বাছাইকালে ৪৬ টি আবেদনই বৈধ হিসেবে বিবেচিত হয়। পরবর্তিতে বৈধ আবেদনকারীর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হলেও তা অনিবার্য কারণবশত স্থগিত করা হয়। সভায় জানা যায় ইতোমধ্যে একডালা ইউনিয়ন পরিষদে ০১ (এক) জন, পারইল ইউনিয়ন পরিষদে ০১(এক) জন এবং বড়গাছা ইউনিয়ন পরিষদে ০১(এক) জন মোট ০৩(তিন) জন গ্রাম পুলিশের পদ শূন্য হয়েছে। সভায় পূর্বের ১৫ (পনের) টি শূন্য পদের সাথে অতিরিক্ত শূন্য ০৩(তিন) টিসহ মোট ১৮(আঠার)টি শূন্য পদের একই সাথে পুনরায় নিয়োগ কার্যক্রম শুরু করার প্রস্তাব সভায় পেশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় পূর্বের ১৫ টি শূন্য পদের সাথে অতিরিক্ত শূন্য ০৩টিসহ মোট ১৮টি শূন্য পদের একই সাথে পুনরায় নিয়োগ কার্যক্রম শুরু করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ইতোপূর্বে ৪৬ জন বৈধ আবেদনকারীর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। শূন্য পদসমূহ: খট্টেশ্বর রাণীনগর ইউপি ৩ নং ওয়ার্ড-০১(এক) জন, কাশিমপুর ইউপি ২ ও ৪ নং ওয়ার্ড-০২(দুই) জন, গোনা ইউপি ৪ ও ৫ নং ওয়ার্ড-০২(দুই) জন, পারইল ইউপি ২ ও ৩ নং ওয়ার্ড-০২(দুই) জন, বড়গাছা ইউপি ৩ নং ওয়ার্ড-০১(এক) জন, কালিগ্রাম ইউপি ১, ৩, ৪ ও ৭ নং ওয়ার্ড-০৪(চার) জন, একডালা ইউপি ১, ৩ ও ৫ নং ওয়ার্ড-০৩(তিন) জন এবং মিরাত ইউপি ৫, ৮ ও ৯ নং ওয়ার্ড-০৩(তিন) জন। সর্বমোট=১৮(আঠার) জন।	১। উপজেলা নির্বাহী অফিসার রাণীনগর, নওগাঁ। ২। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রাণীনগর

চলমান পাতা-০২

(Handwritten signature)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শাহাদাত হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

রাণীনগর, নওগাঁ।

ফোন-০২৫৮৮৮৮-৫৬০০১(দপ্তর)

ই-মেইল- unoraninagar@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাণীনগর, নওগাঁ
(www.raninagar.gov.bd)

স্মারক নং ০৫.৪৩.৬৪৮৫.০০০.০৬.০০৬.২৩- ৬৬১


তারিখঃ ২১/১২/১৪২৯ বঙ্গাব্দ
০২/০৪/২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর নওগাঁ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। উপজেলা----- অফিসার, রাণীনগর নওগাঁ।
- ২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাণীনগর নওগাঁ।
- ৩। চেয়ারম্যান,----- ইউনিয়ন পরিষদ, রাণীনগর, নওগাঁ।
- ৪। জনাব -----, রাণীনগর, নওগাঁ।
- ৫। নোটিশ বোর্ড, অত্র অফিস।
- ৬। অফিস কপি।



(শাহাদাত হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

রাণীনগর, নওগাঁ।

